

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 07-11-2025

Time: 7.35 A.M.

## বিশেষ বিশেষ খবরঃ-

১) জাতীয় স্তোত্র বন্দেমাতরম্-এর ১৫০ তম বর্ষপূর্তি উপলক্ষে আজ সারা দেশের সঙ্গে এ রাজ্যেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

২) উত্তরবঙ্গের চার জেলায় ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে যাওয়া নির্বাচন কমিশনের প্রতিনিধি দলটি আজ জলপাইগুড়িতে বৈঠক করবে।

এ রাজ্যে এসআইআর-এর কাজকর্মে সন্তোষ প্রকাশ কমিশনের।

৩) স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষায় রেজাল্ট প্রকাশিত হচ্ছে আজ।

৪) রাজ্যের বিদ্যালয়গুলিতে প্রার্থনা সঙ্গীত হিসাবে রাজ্য সঙ্গীত বাংলার মাটি বাংলার জল বাধ্যতামূলক করার নির্দেশিকায় মিশ্র প্রতিক্রিয়া শিক্ষকমহলে।

৫) শিশুদের মধ্যে অপুষ্টি ও সুষম আহারের ঘাটতি পূরণে রাজ্য সরকার ফরটিফায়েড রাইস প্রকল্প শুরু করেছে।

৬) ভারতের বৃহত্তম আন্তর্জাতিক মানের হকি স্টেডিয়ামের উদ্বোধন হয়েছে কলকাতায়।

জাতীয় স্তোত্র বন্দেমাতরম্-এর ১৫০ তম বর্ষপূর্তি উপলক্ষে দেশ জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে দিল্লিতে বন্দে মাতরম্-এর সার্ব শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে বর্ষব্যাপী উদ্‌যাপনের সূচনা করবেন। প্রকাশ

করা হবে একটি স্মারক ডাকটিকিট'ও। দেশ জুড়ে বিভিন্ন জায়গায় সকাল ৯-টা ৫০ মিনিট নাগাদ বন্দে-মাতরম্ পূর্ণাঙ্গ আকারে গাওয়া হবে।

### গান

এই উপলক্ষ্যে রাজ্য বিজেপি, নানা কর্মসূচি গ্রহণ করেছে। আজ একমাস ব্যাপি এই কর্মসূচির সূচনা হবে। বিকেল ৫'টায় রাজ্যের প্রতিটি মন্ডলে পূর্ণাঙ্গ বন্দেমাতরম্ গাওয়া হবে বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন। পাশাপাশি প্রজ্জ্বলিত করা হবে ১৫০ টি প্রদীপ। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল, কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব, প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ দলের নেতারা বিভিন্ন জেলায় এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন।

উত্তর ২৪ পরগণার নৈহাটির বঙ্কিম ভবন গবেষণা কেন্দ্র এবং সংগ্রহশালায় একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিৎ সরকার এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন।

(বাইট - দেবজিৎ)

রাজ্য সরকার'ও বন্দে মাতরম্-এর সার্থ শতবর্ষ উপলক্ষ্যে একটি উদ্‌যাপন কমিটি গঠনের কথা ঘোষণা করেছে।

উত্তরবঙ্গের চার জেলায় ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখছেন নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ঐ দলটি গতকাল আলিপুরদুয়ার এবং কোচবিহারে বৈঠক ও ফিল্ড ভিজিটের পর আজ জলপাইগুড়িতে জেলা পরিষদ অডিটোরিয়ামে এই

প্রক্রিয়ার সঙ্গে যুক্ত আধিকারিকদের নিয়ে বৈঠক করবেন। এরপর পরিস্থিতি খতিয়ে দেখতে শিলিগুড়ি যাবেন তারা। শিলিগুড়ি সার্কিট হাউসে দার্জিলিং জেলার সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে তাদের বৈঠক করার কথা। সেখানেও এলাকা ঘুরে দেখার কর্মসূচী রয়েছে কমিশনের প্রতিনিধি দলটির।

গতকাল আলিপুরদুয়ার ও কোচবিহারে বৈঠকে ভোটের তালিকা সংশোধনের প্রক্রিয়া এবং বিএলও-দের কাজের পর্যালোচনা করা হয়। কোনো বৈধ ভোটের যাতে বাদ না পড়েন এবং মৃত, স্থানান্তরিত কিংবা ডুপ্লিকেট ভোটের যাতে তালিকাভুক্ত না হোন, তা' নিশ্চিত করতেও বৈঠকে নির্দেশ দেওয়া হয়েছে। ১২ টি রাজ্যের মধ্যে SIR-এর কাজে পশ্চিমবঙ্গ এখনো পর্যন্ত এগিয়ে থাকায় সন্তুষ্ট কমিশন। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস এবং সংশ্লিষ্ট জেলাগুলির নির্বাচনী আধিকারিক।

এদিকে, এসআইআর প্রক্রিয়ার অঙ্গ হিসাবে রাজ্য জুড়ে চলছে এনুমারেশন ফর্ম বন্টনের কাজ। গতকাল রাত ৮ টা পর্যন্ত ২ কোটির বেশি ফর্ম বিলি করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

শনিবার প্রতিনিধি দলটির দিল্লি ফিরে যাওয়ার কথা।

-----

রাজ্য জুড়ে SIR প্রক্রিয়ার কাজ চলার মধ্যেই নানা অভিযোগ উঠছে বিএলও-দের একাংশের কাজ করার পদ্ধতি নিয়ে।

পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের ধলুক গ্রামের ৩৬ নম্বর বুথ এলাকায় বিএলও বাড়ি বাড়ি না গিয়ে অঙ্গনওয়ারি কেন্দ্রে বসে এনুমারেশন ফর্ম বন্টন করছেন বলে

অভিযোগ উঠেছে। এর প্রতিবাদ করায় বিএলও-র হুমকির মুখে পড়েন বিজেপির বুথ লেভেল এজেন্ট বিএলএ। ঐ বিএলও-র বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবিতে বিজেপি গতকাল জামালপুর থানা ও বিডিও অফিসে অভিযোগ দায়ের করেছে।

পশ্চিম বর্ধমানের কাঁকসায় তৃণমূল কংগ্রেসের নেতা কর্মীদের বিরুদ্ধে এনুয়ারেশন ফর্ম বন্টনের অভিযোগে সবার হয়েছে বিজেপি। গতকাল কাঁকসার বিডিও অফিসের গেটে তালা লাগিয়ে বিক্ষোভ দেখিয়েছেন তারা। ঘটনাস্থলে পৌঁছয় বিশাল পুলিশ বাহিনী। বিজেপির অভিযোগ, বুথ লেভেল অফিসার বিএলও-র জায়গায় ফর্ম তৃণমূল কর্মীদের হাতে পৌঁছে গেছে।

---

এসআইআর-এর সমর্থনে বিজেপি গতকাল বীরভূমের রামপুরহাটে মিছিল করে। সংবিধান সুরক্ষা যাত্রা নামে এই মিছিলে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় প্রমুখ। এসআইআর নিয়ে মানুষকে অযথা আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছেন সুকান্ত বাবু।

বাইট সুকান্ত

---

সুষ্ঠুভাবে এসআইআর প্রক্রিয়া পরিচালনা এবং নাগরিকত্ব আইন সিএএ অবিলম্বে কার্যকর করার দাবিতে বিজেপির শ্রমিক সংগঠনের তরফে গতকাল কলকাতায় মিছিলের আয়োজন করা হয়। সেন্ট্রাল এভিনিউয়ের বিজেপির রাজ্য দপ্তর থেকে শুরু হয়ে মিছিলটি যায় ধর্মতলা পর্যন্ত। রাজ্য সরকার কেন্দ্রের বিভিন্ন আইন কার্যকর করতে বাধা

দিচ্ছে বলে বিজেপির অভিযোগ। শ্রমিক ও সাধারণ মানুষের স্বার্থে আগামীদিনে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে।

---

বুথ লেভেল অফিসার বিএলও-দের তৃণমূল কংগ্রেস নানাভাবে হুমকি দিচ্ছে বলে সিপিআইএম-এর রাজ্য সমাপাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন। গতকাল সাংবাদিকদের কাছে একটি অডিও শুনিয়ে তিনি বলেন, বিএলও-দের কাজকর্ম নিয়ে অভিযোগ এসেছে। রাজ্যের শিক্ষা, স্বাস্থ্য, আইনশৃঙ্খলা, নারী নিরাপত্তার দাবিতে আগামী ২৯ শে নভেম্বর দল কোচবিহারের তুফানগঞ্জ থেকে বাংলা বাঁচাও যাত্রা শুরু করবে বলে জানিয়েছেন মহম্মদ সেলিম।

---

কলকাতার RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায়, আদালতের নজরদারিতে পুনর্তদন্তের আবেদনের মামলা ছেড়ে দিয়েছেন, বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি শব্বর রসিদির ডিভিশন বেঞ্চ। মৃত চিকিৎসকের পরিবারের তরফে ঘটনাস্থল পরিদর্শনেরও আবেদন জানানো হয়েছিল।

অন্যদিকে, সাজাপ্রাপ্ত সঞ্জয় রায়ের ফাঁসীর আবেদন সংক্রান্ত মামলা এবং এই সংক্রান্ত আরো একটি মামলা বিচারপতি অরিজিৎ ব্যানার্জির ডিভিশন বেঞ্চে বর্তমানে বিচারাধীন।

---

রাজ্যে বালি পাচার কান্ডের তদন্তে এক ব্যবসায়ীকে এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি গ্রেপ্তার করেছে। জিডি মাইনিং নামে ঐ কোম্পানীর প্রধান অরুণ শরাফকে হাওড়ার

বালি থেকে গ্রেপ্তার করা হয়। সল্টলেক ও বেহালায় তার অফিস রয়েছে বলে জানান গেছে। ভুয়ো চালান তৈরি করে বালি তোলার টাকা ঐ ব্যক্তি আত্মসাৎ করেছে বলে অভিযোগ। সম্প্রতি ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুরের বেশ কয়েকটি ঠিকানায় তল্লাশি চালায় ইডি। সেখান থেকে পাওয়া তথ্য প্রমাণের ভিত্তিতে এই গ্রেপ্তারি বলে মনে করা হচ্ছে।

---

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষার রেজাল্ট প্রকাশ হতে চলেছে আজ। একাদশ ও দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে বলে কমিশন জানিয়েছেন। অন্যদিকে আশা-আশঙ্কার দোলাচলে থাকা ২০১৬-র চাকরিহারারা নিয়োগ প্রক্রিয়ার স্বচ্ছভাবে শেষ করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন। একটি প্রতিবেদন –

#### ভয়েসকাস্ট

উল্লেখ্য, একাদশ দ্বাদশে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪টি। দু লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন পরীক্ষা দিয়েছিলেন।

---

রাজ্যের সরকারি ও সরকার পোষিত বিদ্যালয়ে প্রার্থনা সংগীত হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের "বাংলার মাটি বাংলার জল" গানটি অনুমোদন করেছে শিক্ষা দপ্তর। গতকাল সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। উল্লেখ্য এই গানটিকে রাজ্য সংগীত হিসেবে আগেই স্বীকৃতি দিয়েছিল রাজ্য সরকার। জাতীয়

সংগীতের পাশাপাশি স্কুলে রাজ্যসঙ্গীত গাওয়া হলে তা রাজ্যের সামাজিক ও সাম্প্রদায়িক ঐক্যের অনুঘটক হিসেবে কাজ করবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী।

---

রাজ্যের বিদ্যালয়গুলিতে প্রার্থনা সঙ্গীত হিসেবে রাজ্য সঙ্গীত “বাংলার মাটি, বাংলার জল” কার্যকরী করতে যে বিজ্ঞপ্তি জারি করেছে, সে বিষয়ে শিক্ষক সংগঠন গুলির মধ্যে প্রতিক্রিয়া পাওয়া গেছে। ABTA র সাধারণ সম্পাদক সুকুমার পাইন বিদ্যালয়ের শুরুতে ছাত্র ছাত্রীদের দিয়ে বাধ্যতামূলক ভাবে রাজ্য সঙ্গীত গাওয়ানোর ফরমান মধ্য শিক্ষা পর্ষদ কেনো জারী করলো সেই প্রশ্ন তোলেন তিনি। স্কুলের ছাত্রছাত্রীদের এই টানাপোড়েনে জড়ানোর একটি অশুভ উদ্দেশ্য রয়েছে বলে তিনি মনে করেন।

বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মন্ডল, জাতীয় সংগীত বাদ দিয়ে শুধু রাজ্য সংগীত পরিবেশন করা যুক্তিযুক্ত হবে না বলে মন্তব্য করেছেন।

শিক্ষা ব্যবস্থার মান উন্নত করবার কথা না ভেবে এই ধরনের নির্দেশ কতটা কাজে লাগবে সেই প্রশ্ন তুলেছেন শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (STEA) এর সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ বলেন, বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে রবীন্দ্রনাথ রচিত গানটি অনৈতিহাসিক ভাবে রাজ্য সঙ্গীত হিসেবে নির্বাচন করা হয়েছে। শিক্ষাক্ষেত্রের দুর্নীতির ফলে রাজ্য যে কলঙ্কের সম্মুখীন তা ঢাকা দেবার এই অক্ষম প্রচেষ্টা বলে মন্তব্য করেন তিনি।

---

শিশুদের মধ্যে অপুষ্টি ও সুষম আহারের ঘাটতি পূরণে রাজ্য সরকার ‘ফোর্টিফাইড রাইস’ প্রকল্প শুরু করেছে। এর আওতায় গণবন্টন ব্যবস্থা বা পিডিএস মাধ্যমে বিশেষ পুষ্টিগুণ সমৃদ্ধ চাল বিতরণ করা হবে। চালে আয়রন, ফলিক অ্যাসিড এবং ভিটামিন বি-১২ মিশিয়ে ওই চাল তৈরি করা হচ্ছে। ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ সালের খরিফ মরসুমের জন্য রাজ্যের খাদ্য দফতর ইতিমধ্যেই স্থানীয় প্রস্তুতকারকদের কাছ থেকে ‘ফোর্টিফাইড রাইস কার্নেল’ সরবরাহের জন্য দরপত্র আহ্বান করেছে। এই ই-টেন্ডার ও ‘এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট’-এর মাধ্যমে রাজ্যের মধ্যেই যোগ্য প্রস্তুতকারক সংস্থাগুলিকে দুই বছরের জন্য তালিকাভুক্ত করা হবে বলে দফতর সূত্রে জানা গেছে।

---

ভারতের বৃহত্তম আন্তর্জাতিক মানের হকি স্টেডিয়াম গড়ে উঠেছে কলকাতায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল চলচ্চিত্র উৎসবের মঞ্চ থেকে ২২ হাজার দর্শক আসন বিশিষ্ট এই স্টেডিয়ামের উদ্বোধন করেন। বিবেকানন্দ যুবভারতীয় হকি স্টেডিয়ামে থাকছে অত্যাধুনিক সিন্থেটিক টারফ, ওয়ার্মআপ জোন, ভিআইপি রুম সহ বিভিন্ন সুবিধা। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে এই স্টেডিয়াম তৈরিতে খরচ হয়েছে প্রায় ২০ কোটি টাকা।

---